জনকণ্ঠ

তারিখ ... 07 MAR 2016 ...
পৃষ্ঠা ... ১৫ কলাম ... ৭ ...

# শিক্ষক হত্যাকারীর দ্রুত বিচার দাবিতে সালথায় মানববন্ধন

**নিজস্ব সংবাদদাতা, ফরিদপুর, ৬ মার্চ ॥** সালথা উপজেলার জয়ঝাপ উচ্চ-বিদ্যালয়ের অফিস সহকারী কাম শিক্ষক বেলায়েত হোসেন দুলাল মোল্লার হত্যাকারী মাদকাসক্ত তরুণ লিটন মোল্লা ও তার সহযোগীদের গ্রেফতার এবং বিচারের দাবিতে পৃথক দুটি মানববন্ধন কর্মসূচী পালন করা হয়েছে।

রবিবার বেলা সাড়ে ১১টার দিকে জয়ঝাপ উচ্চ-বিদ্যালয় শিক্ষক-শিক্ষার্থীদের উদ্যোগে বিদ্যালয়ের সামনে একটি মানববন্ধন অনুষ্ঠিত হয়। এ কর্মসূচীতে বিদ্যালয়ের শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীরা অংশ নেয়। এ সময় বক্তব্য দেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিরাজ আলী ও সহকারী শিক্ষক ইদ্রিস আলী। এর আগে বেলা ১১টার দিকে একই দাবিতে উপজেলা ছাত্রলীগের উদ্যোগে উপজেলা কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে একই দাবিতে পৃথক আরেকটি মানববন্ধন কর্মসূচী পালিত হয়। হত্যাকারীদের গ্রেফতার ও শাস্তি দাবি করে বক্তব্য দেন উপজেলা ছাত্রলীগের সভাপতি রাকিবুল হাসান, সাধারণ সম্পাদক নাজমুল হাসান ও যুগ্ম-সাধারণ সম্পাদক জোবায়ের চৌধুরী কাজল।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার বিকেলে সালথা উপজেলার ভাওয়াল ইউনিয়নের শিহিপুর গ্রামে নিজ বাড়ির সামনে বিকেল সাড়ে পাঁচটার দিকে জয়ঝাপ উচ্চ-বিদ্যালয়ের সহকারী শিক্ষক বেলায়েত হোসেনকে ধারালো অস্ত্র দিয়ে প্রকাশ্যে কুপিয়ে হত্যা করে তার প্রতিবেশীর মাদকাসক্ত ছেলে লিটন মোল্লা ও তার সহযোগীরা।